# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**18 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) অত্যাবশ্যকীয় সামগ্রীর মূল্য নিরীক্ষণের জন্য মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার গুরুত্বপূর্ণ বৈঠক ।

২) কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি আর পাতিলের উপস্থিতিতে আগামীকাল গৌহাটীর ব্রক্ষ্মপুত্র বোর্ডের পর্যালোচনা পর্ষদের চতুর্দ্দশ বৈঠক ।

৩) কংগ্রেস নেতা ভি ডি সতীশনের আজ কেরলমের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ ।

এবং

৪) ১৯ শের ভাষা সেনানীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে আজ থেকে বরাক উপত্যকার তিনজেলায় বিভিন্ন কর্যসূচীর আয়োজন ।

-------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ অত্যাবশ্যকীয় সামগ্রীর মূল্য নিরীক্ষণ ব্যবস্থা পর্যালোচনার জন্য একটি গুরুত্বপূর্ন বৈঠকে মিলিত হন । সংশ্লিষ্ট বিভাগের আধিকারিকদের সংগে আলোচনার পর ড: শর্মা সামগ্রীর মূল্যের ভারসাম্য বজায় রাখতে ও যেকোনো অস্বাভাবিক মুল্যবৃদ্ধি রোধ করার লক্ষে বেশ কয়েকটি গুরুত্বপূর্ন নির্দেশ দেন । এর মধ্যে জেলা আয়ুক্তের নেতৃত্বে তিনি চারদিনের মধ্যে জেলা নিরীক্ষণ সমিতির বৈঠকের আহ্বান , দোকান ও পাইকারী দোকানগুলিতে খুচরা তথা পাইকারী মূল্য প্রদর্শন করা বাধ্যতামূলক করা , জেলা আয়ুক্তের চেম্বার ও বানিজ্যিক সংস্থাগুলির মধ্যে সাপ্তাহিক পর্যালোচনা বৈঠকের আয়োজন করতে নির্দেশ দেওয়া অন্যতম । এছাড়া ড: শর্মা রন্ধন গ্যাসের সিলিন্ডার বিতরণের অসুবিধাগুলি দূর করতে প্রধানমন্ত্রী উজ্জ্বলা যোজনার হিতাধিকারীদের দ্রুত আধার সংযোজনে গুরুত্ব আরোপ করেন । এছাড়া তিনি অস্বাভাবিক মূল্যের ক্ষেত্রে বানিজ্যিক অনুজ্ঞাপত্র বাতিল সহ কঠোর

পদক্ষেপ গ্রহণ করতে নির্দেশ দেন । রাজ্যবাসীর প্রতিটি সমস্যা সমাধান করতে সরকার সবসময় সংকল্পবদ্ধ বলে মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে দৃঢ় স্থিতি প্রকাশ করেন ।

-----------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় জনশক্তি মন্ত্রী সি আর পাতিলের উপস্থিতিতে আগামীকাল গৌহাটীতে ব্রহ্মপুত্র বোর্ডের উচ্চ ক্ষমতাসম্পন্ন পর্যালোচনা পর্ষদের চতুর্দশ বৈঠক অনুষ্ঠিত হবে । কেন্দ্রীয় বন্দর , জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সণোয়াল ও জলশক্তি বিভাগের প্রতিমন্ত্রী রাজ ভূষণ চৌধুরী ও অনুষ্ঠানে উপস্থিত থাকবেন । আগামীকালের বৈঠকে ত্রয়োদশ বৈঠকে গ্রহণ করা সিদ্ধান্তগুলি রুপায়নের স্থিতি পর্যালোচনা করা ছাড়া ও ব্রহ্মপুত্র বোর্ডের সামগ্রীক কাজকর্মের মূল্যায়ন করা হবে ।এছাড়া বহনক্ষম জলসংরক্ষণের প্রচারের জন্য উত্তরপূর্বাঞ্চলের পরম্পরাগত ও স্থানীয় জল ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কীত গ্রন্থ ও তথ্যচিত্র প্রকাশ করা হবে ।উল্লেখ্য ব্রহ্মপুত্র বোর্ডের এই উচ্চ ক্ষমতাসম্পন্ন পর্যালোচনা পর্ষদ পুর্নগঠনের পর এই বৈঠক বিশেষ তাৎপর্য বহন করছে ।

-----------------------------------------------------------------------------------------

কংগ্রেস নেতা ডি ভি সতীশন আজ কেরলমের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন । শ্রী সতীশন শপথ গ্রহণের আগে গতকাল সন্ধ্যায় ২১ জনের ইউ ডি এফ মন্ত্রীসভার তালিকা রাজ্যপালের হাতে অর্পন করেন । রাজ্যপাল রাজ্যেন্দ্র বিশ্বনাথ আর্লেকার আজ তিরুবানন্তপূরমে নতুন মন্ত্রীদের শপথবাক্য পাঠ করান । শপথ গ্রহণ অনুষ্ঠানে লোকসভার বিরোধী দলনেতা তথা প্রবীন কংগ্রেস নেতা রাহুল গান্ধী ও কংগ্রেস সভাপতি মল্লিকাজূন খাড়গে সহ বহু বিশিষ্ট নেতা উপস্থিত ছিলেন ।

এই মন্ত্রীসভায় সতীশন সহ ১৪ জন প্রথমবারের জন্য মন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন ।

-----------------------------------------------------------------------------------------

বিচারপতি শর্মিলা ভূইয়ার ফাস্টট্রেক আদালত জুবিন গার্গের মৃত্যুর মামলায় অভিযুক্ত শেখর জ্যোতি গোস্বামীর জামিনের রায় আগামী ২৮ শে মে প্রদান করবে । আজ অভিযুক্ত ও সরকারী পক্ষের যুক্তি শোনার পর আদালত শেখর জ্যোতি গোস্বামীর জামিনের রায় প্রদানের জন্য ২৮ শে মের দিনটি ধার্য করে । উল্লেখ্য সিংগাপুরে জুবিন গার্গের মৃত্যুর মামলায় বিশেষ তদন্তকারী গোষ্ঠী গত বছরের দোসরা অক্টোবর শিল্পীর বাদ্যযন্ত্র বাদক শেখর জ্যোতি গোস্বামীকে গ্রেপ্তার করেছিল । তখন থেকে হাফলং উপকারাগারে থাকা অভিযুক্ত জামিন চেয়ে বর্তমান আদালতের দারস্থ হয়েছে । ফস্টট্রেক আদালত এর আগে জুবিন গার্গের মৃত্যুর মামলায় মূল আভিযুক্ত শ্যামকানু

মহন্ত ও সিদ্ধার্থ শর্মার জামিন বেদন নাকচ করেছিল ।এরপর  শ্যামকানু জামিন চেয়ে গৌহাটী হাইকোর্টের দারস্থ হয় ।ইতিমধ্যে হাইকোর্টের বিচারপতি মিতালী ঠাকুরীয়ার বিচারপীঠ শ্যামকানু মহন্তের জামিনের আবেদনের ভিত্তিতে আগামী ২২ শে মে মামলাটির কেস ডায়রী দাখিল করতে আসম সরকারকে নির্দেশ দিয়েছিল । এদিকে বিচারপতি শর্মিলা ভুইয়ার  ফাস্টট্রেক আদালত আগামী ২৬ শে মে জুবিন গার্গের মৃত্যু মামলায় ৭ জন অভিযুক্তের বিরুদ্ধে ধারা আরোপ সম্পর্কে রায় দান করবে ।

--------------------------------------------------------------------------------

রাজ্যে পর্যাপ্ত পরিমানে পেট্রল , ডিজেল , রান্নার গ্যাস সহ পেট্রলিয়ামজাত সামগ্রী মজুত রয়েছে এবং রাজ্যে এই সব সামগ্রীর সরবরাহ সুস্থির অবস্থায় রয়েছে । ভারতীয় তেল নিগম লিমিটেডের পক্ষ থেকে আজ একথা প্রকাশ করা হয় ।প্রতিষ্ঠানটির গুয়াহাটীর রাজ্য কার্যালয়ের কার্যবাহী সঞ্চালক এ কথা জানিয়ে বলেন যে টার্মিনেল , ডিপো তথা খুচরো দোকানগুলোতেও জ্বালানী সরবরাহ প্রক্রিয়ায় কোন ব্যাঘাত সৃষ্টি হয়নি ।প্রতিষ্ঠানটি জনসাধারণকে জ্বালানী সরবরাহের বিষয়ে নিশ্চিত থাকা সহ আতঙ্কিত না হওয়ার আহ্বান জানিয়েছে ।

--------------------------------------------------------------------------------

১৯ এর ভাষা সেনানীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে আজ বেলা তিনটে থেকে শিলচর বঙ্গভবনের সামনে # রাজপথে আলপনা # ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । আগামীকাল সকাল ৬ টায় তারাপুর রেলষ্টেশন , শিলচর শ্মশানঘাট , বঙ্গভবন শহিদবেদী , গান্ধীবাগ শহিদ মিনারে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হবে ।

এদিকে বর্তমান প্রজন্মের কাছে ভাষা শহিদদের আত্মত্যাগের কথা পৌছে দিতে এবং তাদের মধ্যে ভাষা সংস্কৃতির প্রতি ভালোবাসা জাগ্রত করতে আগামীকাল সকাল সাতটায় শিলচর রেলষ্টেশন থেকে শ্মশানঘাট পর্যন্ত # উনিশের মহামিছিল ,ভাষা শহিদদের শ্রদ্ধাঞ্জলি # শীর্ষক পথচলার আয়োজন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ ১৯ শে মে ভাষা সেনানীদের স্মরণে শিলচর শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পথনাটক বর্ণমালার কান্না পরিবেশিত হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং উনিশের চেতনা অটুট রাখার বার্তা নিয়ে #উনিশের পথ চলো # শীর্ষক মহামিছিলের আয়োজন করা হয় ।শ্রীভূমির মাতৃভাষা উদযাপন সমিতির উদ্যোগে আয়োজিত এই মহামিছিল শম্ভুসাগর পার্কের জাতীয় শহিদ বেদি প্রাঙ্গন থেকে শুরু হয় । এই মহা মিছিলে বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংস্থা , ছাত্র সংগঠনের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন ।

------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পৌরসভা ও বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের যৌথ উদ্যোগে আগামীকাল ভাষা শহীদ দিবস পালন করা হবে । এ উপলক্ষ্যে ভাষা শহীদ স্থলে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এছাড়া জেলার বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকেও আগামীকাল শহীদ দিবস পালন করা হবে ।

------------------------------------------------------------------------------------

শ্রীভূমি শহরের দীর্ঘ দিনের জমা জলের সমস্যার সমাধানে প্রশাসনিক ব্যর্থতা এবং ড্রেন নির্মানে ব্যাপক দূর্নীতির অভিযোগে শ্রীভূমি শহরের সুশীল সমাজের পক্ষ থেকে পৌরসভার কার্যলয়ের সামনে ধর্না ও বিক্ষোভ কার্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভকারীদের পক্ষ থেকে অবিলম্বে শহরের বিভিন্ন এলাকায় জমা জলের সমস্যার স্থায়ী সমাধানের দাবী জানিয়ে বিভিন্ন বক্তারা বক্তব্য রাখা সহ পৌরসভার উদাসীন মনোভাবের কারনে এই পরিস্থিতির সৃষ্টি হয়েছে বলে তারা মত প্রকাশ করেন ।

------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলায় কিশোরী মেয়েদের সার্ভাইকেল ক্যান্সার প্রতিরোধে জেলার স্বাস্থ্য বিভাগের উদ্যোগে হিউম্যান পেপিলোমা ভাইরাস , এইচ পি ভি টীকাকরন অভিযান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করতে আজ হাফলং-এ সংবাদ মাধ্যমের কর্মীদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক ডক্টর সারসিং রংপির পৌরহিত্যে আয়োজিত সভায় জানানো হয় যে এইচ পি ভি একটি ভাইরাল ইনফেকশন যা মহিলাদের সার্ভাইকেল ক্যান্সারের কারন হতে পারে । এজন্য সংবাদ মাধ্যমের সাহায্যে জনসাধারনের মধ্যে সচেতনতা গড়ে তুলতে এবং এইচ পি ভি সম্পর্কে সঠিক তথ্য তুলে ধরার আহ্বান জানানো হয়েছে ।

উল্লেখ্য জেলায় এইচ পি ভি টীকাকরন অভিযান গত ১৭ই মার্চ থেকে শুরু হয়েছে যা আগামী তিন মাস চলবে ।

------------------------------------------------------------------------------------

পূর্ত বিভাগের শিলচর সড়ক ডিভিশন শাখার কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে উধারবন্দ বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত গুয়াবাড়ী থেকে লুটেরতল পর্য্যন্ত সড়কে থাকা একটি সেতুতে ভাঙ্গান দেখা দেওয়ায় , এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে । পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত এই সড়ক বন্ধ থাকবে বলে জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার প্রাক্তন সেনা কর্মী ও তাদের পরিবারের সদস্যদের জন্য ২০২৫-২৬ অর্থ বছরের ওয়েল ফেয়ার সামগ্রীর জন্য আবেদন পত্র জমা নেওয়া শুরু হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে প্রাক্তন সেনা কর্মী ও তাদের পরিবারের সদস্যদের আগামী ৩০শে সেপ্টেম্বরের মধ্যে আবেদন পত্র জমা দিতে হবে । আবেদন পত্র সংগ্রহ ও বিশদ বিবরণের জন্য জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে ।

--------------------------------------------------------------------------------